

## ইংরেজী না জানা লোকজনের জন্য তথ্য

UCLH এ আমরা কম ইংরেজী জানা লোকজনকে ইন্টারপ্রেটার বা দোভাষী সার্ভিস প্রদান করি। এই সার্ভিস ল্যান্ডলাইন লাইন সার্ভিসেসের মাধ্যমে প্রদান করা হয়। ল্যান্ডলাইন অনেক পাবলিক ও প্রাইভেট সেক্টর এ 24 ঘন্টাব্যাপি টেলিফোনে দোভাষী সার্ভিস প্রদান করার মাধ্যমে কাজ করে। যার ফলে এক মিনিটেরও কম সময়ের মধ্যে আপনার সাথে একজন উপযুক্ত দোভাষী বা ইন্টারপ্রেটার এর সংযোগ করিয়ে দেয়া হয়।

এই সার্ভিস পেতে হলে, আপনাকে অবশ্যই UCLH এর কোন আভ্যন্তরীণ বিভাগের নিকট দোভাষীর জন্য অনুরোধ করতে হবে। ইহা করার সহজ পথ হলো, যে ব্যক্তি আপনাকে সাহায্য করছেন সেই ব্যক্তিকে জিজ্ঞাসা করা তারা ল্যান্ডলাইনের একজন দোভাষীর ব্যবস্থা করতে পারবেন কিনা।

**দয়া করে লক্ষ্য করুন:** একজন দোভাষীর জন্য আপনি সরাসরি ল্যান্ডলাইনকে ফোন করতে পারবেন না, এই সার্ভিস অবশ্যই হাসপাতালের মাধ্যমে ব্যবস্থা করতে হবে।

এই সার্ভিস দিনের যে কোন সময় যে কোন স্থান থেকে যে কোন ধরনের টেলিফোন ব্যবহার করে করতে পারবেন। যাইহোক, আপনি যে বিভাগের নিকট থেকে সাহায্য চাইছেন সেই বিভাগের খোলার সময়ের উপর নির্ভর করে হয়ত সার্ভিস ব্যবহার সীমাবদ্ধ হতে পারে।

যেহেতু কোন বিশেষ যন্ত্রপাতির দরকার নাই, তাই যখনই আপনি UCLH এ কারো সাথে কথা বলতে চান তখনই নিজে তা বুঝতে পারবেন।

সার্ভিস পাওয়ার জন্য নিম্নলিখিত নির্দেশিকা অনুসরণ করুন:

যে ব্যক্তি আপনাকে সাহায্য করছেন যদি আপনি তার সাথে থাকেন তাহলে :

1. আপনার যে ভাষার দরকার তার প্রতি আঙ্গুলি নির্দেশ করুন অথবা সাহায্যকারী ব্যক্তিকে আপনার ভাষা কি তা জানান।
2. যে ব্যক্তি আপনাকে সাহায্য করছেন তারা একজন দোভাষীর জন্য অনুরোধ করে ল্যান্ডলাইনকে ফোন করবেন, যিনি নিশ্চিত করবেন যে আপনি বুঝতে পেরেছেন।
3. যে ব্যক্তি আপনাকে সাহায্য করছেন তিনি দোভাষীর সাথে আপনাকে পরিচয় করাবেন। এখন আপনি আপনাকে সাহায্যকারী ব্যক্তির সাথে সরাসরি কথা বলতে পারবেন।
4. দয়া করে মনে রাখবেন যে, দোভাষী পুরোপুরি নিরপেক্ষ তাই আপনাকে পরামর্শ বা সহায়তা অফার করবেন না এবং উভয় পক্ষ যা বলবেন শুধু তাই অনুবাদ করবেন।

যদি আপনাকে সাহায্যকারী ব্যক্তির সাথে আপনি ফোনে যোগাযোগ করেন তাহলে:

1. আপনার সাহায্যকারী ব্যক্তিকে জানান যে আপনার একজন দোভাষী বা ইন্টারপ্রেটার দরকার এবং আপনি যে ভাষায় কথা বলেন তা জানান। 'ইন্টারপ্রেটার' শব্দটি সার্বজনীন এবং যে ব্যক্তি আপনাকে সাহায্য করছেন তিনি তা বুঝবেন।
2. উপরে বর্ণিত পদ্ধতি অনুসরণ করুন।